

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৫৩

পানিসাগর, ১৪ নভেম্বর, ২০২৩

১৭ নভেম্বর পানিসাগর ব্লকভিত্তিক যুব উৎসব

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং পানিসাগর ব্লক প্রশাসনের যৌথ উদ্যোগে আগামী ১৭ নভেম্বর পানিসাগর ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। যুব উৎসব আয়োজনের লক্ষ্যে সম্প্রতি পানিসাগর পঞ্চায়েত সমিতির সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস। উপস্থিত ছিলেন পানিসাগর ব্লকের অতিরিক্ত সমষ্টি উন্নয়ন আধিকারিক জয় মানিক বংশী, বিভিন্ন গ্রামপঞ্চায়েতের প্রধান ও উপপ্রধানগণ, বিভিন্ন সামাজিক সংস্থার প্রতিনিধিগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। এই উৎসবকে সুন্দরভাবে পরিচালনার জন্য একটি পরিচালন কমিটি এবং বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে। সভার সভাপতি পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস ব্লকভিত্তিক যুব উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন।

\*\*\*\*\*